

2 0 1 8

BENGALI

(Major)

Paper : 5.2

Full Marks : 60

Time : 3 hours

*The figures in the margin indicate full marks
for the questions*

১। নির্দেশানুযায়ী অতি সংক্ষিপ্ত উত্তর দাও : ১×৭=৭

(ক) আগুহল্ট স্টেশনের বেহরী কুক-এর নাম কী ?

(খ) “বেইমান হলে এইরকমই হয় বটে।” বক্তা কে ?

(গ) ওভারসিয়ার বাবুর মেয়ের বয়স কত ?

(১) ৮ বছর

(২) ১০ বছর

(৩) ১২ বছর

(৪) ১৪ বছর

(শুদ্ধ উত্তরটি বেছে লেখ)

(ঘ) মোহন পণ্ডিতের আসল নাম কী ?

(ঙ) স্টিফান হোরোর স্কুলের হেডমাস্টার কে ছিলেন ?

(চ) সঞ্জয়ের প্রেমিকার নাম কী ?

(ছ) “সিডনির নেটিভ দেবতুল্য জীবগুলির ওপর মহারাজার
অপার ভক্তি।” ‘দেবতুল্য জীব’ কোনটি ?

২। সংক্ষিপ্ত উত্তর দাও :

২×৪=৮

- (ক) তম্না ও রিপুনের আসল নাম কী ?
- (খ) “বুদ্ধিকে তোর বলিহারি। আমি জুতো মসমসিয়ে বেড়াই আর আমাকে পুলিশে ধরুক।” বক্তা কে ? তিনি কাকে একথা বলেছেন ?
- (গ) “কাল সকালে ঘরের ছেলে-মেয়েগুলিকে সব পাঠিয়ে দেব। মেহেরবানি করে গুলি চালিয়ে শেষ করে দেবেন।” বক্তার নাম কী ? তিনি কাকে একথা বলেছেন ?
- (ঘ) “এই প্রথম দেখলাম পাখিই পালিয়ে যাচ্ছে বাচ্চা ফেলে দিয়ে।” বক্তা কে ? এখানে ‘পাখি’ কে ?

৩। যে কোনো তিনটি প্রশ্নের উত্তর দাও :

৫×৩=১৫

- (ক) “ধর্মান্তর, টাকা আমি দিতে পারব না। কিন্তু আমাকে এক মাস জেল না দিয়ে ছমাস জেল দিন।” প্রসঙ্গ উল্লেখ করে উক্তিটির তাৎপর্য বিশ্লেষণ করো।
- (খ) ‘ভারতবর্ষ’ গল্পের মাহাতো বুড়ো চরিত্রটি আলোচনা করো।
- (গ) ‘ফসিল’ গল্পে দুলাল মাহাতো চরিত্রটির গুরুত্ব আলোচনা করো।

- (ঘ) “জগদলের পাঁজর খুলে পড়ছে একে একে।” প্রসঙ্গটি বিশদ করো।
- (ঙ) “আমাদের ক্লাসটা ছিল একটি নৃত্বের ল্যাবরেটরির মতো।” বক্তার এরূপ মন্তব্যের কারণ কি, আলোচনা করো।

৪। নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর দাও :

১০×৩=৩০

- (ক) “গাছ চোখ বুজলো। তার ঘুম পেয়েছে। গাছও ঘুমায়। কত রাত দুশ্চিন্তায় সে ঘুমোতে পারেনি।” গাছ দুশ্চিন্তায় কেন ঘুমোতে পারেনি তা ‘গাছ’ গল্পের কাহিনি অবলম্বনে বুঝিয়ে দাও।

অথবা

‘ভারতবর্ষ’ গল্পে লেখকের ভারত-ভাবনার যে পরিচয় ফুটে উঠেছে তা আলোচনা করো।

- (খ) ‘অযান্ত্রিক’ গল্পের নামকরণ সার্থক হয়েছে কি না, আলোচনা করো।

অথবা

‘চতুর্থ পানিপথের যুদ্ধ’ গল্পের সিঁফান হোরো চরিত্রটি আলোচনা করো।

(গ) 'ভোটার সাবিত্রীবালা' গল্পের নামকরণের যথার্থতা বিচার
করো।

অথবা

'গোত্রান্তর' গল্পে মধ্যবিত্তবর্গের বিচ্যুতি ও স্বার্থপরতা
কীভাবে সঞ্জয় চরিত্রে ফুটে উঠেছে, আলোচনা করো।

★ ★ ★